গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(এস. এ. শাখা)
www.brahamanbaria.gov.bd

নম্বর ৩১.৪২.১২০০.০১২.১৫.২১৩.২৩-১০৫৭

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ০৬/০৩/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২১৭.১২.৭৬ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের অধীনস্থ কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে অনলাইনে (http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ৩৭ (সাঁইত্রিশ) টি | গ্রেড-২০ বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০১ | নিরাপত্তা প্রহরী | ০১ (এক) টি | গ্রেড-২০ বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলীঃ

০১। প্রার্থীর বয়স ২৫/০৬/২০২৩ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর।
- খ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর।
- গ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর।
- **ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২-০৯-২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীও আবেদন করতে পারবেন।**
- ঙ) বয়স নিরূপণের ক্ষেত্রে কোন ধরণের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

০৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৪। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

০৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। প্রার্থীগণকে ৭০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৬। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। চাকরির জন্য আবেদন অনলাইনে আগামী ২৫/০৬/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে ৩১/০৭/২০২৩ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। **সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।**

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে :

(ক) পৌরসভার মেয়র/ কাউন্সিলর /ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(গ) জাতীয় পরিচয়পত্র এবং পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্র।

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হিসেবে চাকুরিপ্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ২১ (একুশ) দিন প্রশিক্ষণ গ্রহণের সনদপত্র।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য জেলার ওয়েবসাইট (www.brahmanbaria.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ও ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১১। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

১২। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারী http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ২৫/০৬/২০২৩ তারিখ সকাল ১০.০০ টা হতে এবং শেষ হবে ৩১/০৭/২০২৩ তারিখ বিকাল ৫.০০ টায়। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতি পদের জন্য ১০০ (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদন পত্রের সংলগ্ন অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** DCBB<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : **DCBB ABCDEFG** & send to 16222

**দ্বিতীয় SMS:** DCBB<space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : **DCBB YES 12345678** & send to 16222

চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://dcbb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পদ্ধতি অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভ্যেনুর নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে:
  DCBB<space>Help<space>User<space>User ID & send to 16222
  Example :DCBB Help User ABCDEF& send to 16222
- PIN Number জানা থাকলে:
  DCBB<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
  Example :DCBB Help PIN 1234567 & send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন dcbrahmanbaria@mopa.gov.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCBB,Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর www.brahmanbaria.gov.bd ওয়েবসাইটে এবং http://dcbb.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcbb ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.brahmanbaria.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৩। নিয়োগের জন্য মনোনীত প্রার্থীর ব্যাপারে কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড এর স্বাস্থ্যগত প্রত্যয়ন, ডোপটেস্ট এবং পুলিশ/নিরাপত্তা এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য/আপত্তি উত্থাপিত হলে অবিলম্বে উক্ত মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১৪। এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭/০৪/২০২৩ তারিখের জারিকৃত "মন্ত্রণালয়/বিভাগ ও অধীন সরকারি দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর, স্বায়ত্বশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনে চাকরিতে ১৩-২০ গ্রেডের পদে কর্মচারী নিয়োগে অপেক্ষমান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১৫। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/ প্রদর্শন করতে হবে।

১৬। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে নিয়োগের কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

* **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**বি. দ্র. : শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।**

২১/০৬/২৩

(মোঃ শাহগীর আলম)
জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
☎ ফোনঃ ০২-৩৩৪৪২৭৭১২
email: dcbrahmanbaria@mopa.gov.bd

নম্বর ৩১.৪২.১২০০.০১২.১৫.২১৩.২৩-১০৫৬/২(১৬৫)

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁ, ঢাকা।
০৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক,......................(সকল) ।
০২। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ।
০৩। সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ/মেয়র, পৌরসভা, .................... (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।
০৮। উপজেলা নির্বাহী অফিসার..........(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
০৯। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া । তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। আরডিসি/এলএও/এনডিসি/জিসিও, ব্রাহ্মণবাড়িয়া।
১১। সহকারী কমিশনার (ভূমি) ................(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা.........................................................শাখা, এ কার্যালয়।
১৩। জেলা একাউন্টস এবং ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।
১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা..............................., ব্রাহ্মণবাড়িয়া।
১৬। বিজ্ঞাপন ম্যানেজার, 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' ও 'দৈনিক দিনদর্পন' বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ২৩/০৬/২০২৩ তারিখ এক দিনের জন্য স্বল্প পরিসরে (১২ইঞ্চি×৩কলাম) ভিতরের পাতায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং পাঁচ কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২১/০৬/২৩
জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া